

২০২৫

ষষ্ঠ সেমিস্টার

বাংলা - সান্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মাইকেল মধুসূদন দত্তের 'দশরথের প্রতি কেকয়ী' পত্রের কেকয়ী চরিত্রটি মহাকাব্যের কৈকেয়ী চরিত্র থেকে কতখানি আলাদা হয়ে উঠেছে পত্রটি অবলম্বনে তা আলোচনা করে দেখাও। ১০

অথবা

- (খ) মাইকেল মধুসূদন দত্তের 'বীরাসনা কাব্যে' পাশ্চাত্য প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

- ২। (ক) 'সোনার তরী' কাব্যের 'বসুন্ধরা' কবিতাটি অবলম্বনে কবির মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১০

অথবা

- (খ) 'নারী' কবিতায় নর-নারীর সমানাধিকারের বিষয়ে কাজী নজরুল ইসলামের বক্তব্য নিজের ভাষায় লেখো। ১০

- ৩। (ক) কবি বিষ্ণু দে-র 'প্রচ্ছন্ন স্বদেশ' কবিতা অবলম্বনে কবির দেশচেতনার স্বরূপ উদ্ঘাটিত করো। ১০

অথবা

- (খ) কবিতা সিংহের 'বৃক্ষ' কবিতাটি বৃক্ষ প্রতীকের অন্তরালে একটি আত্ম-উন্মোচনের কবিতা। — আলোচনা করো। ১০

- ৪। (ক) "প্রেম ভিখারিনী আমি তোমার চরণে" — কে, কাকে এ কথা বলেছেন? এ প্রসঙ্গে বক্তা তার উদ্দিষ্ট শ্রোতাকে কী কী পরামর্শ দিয়েছেন? ১+১+৩

অথবা

- (খ) "সাজিছ কি, নররাজ, যুঝিতে সদলে—/প্রবীর পুত্রের মৃত্যু প্রতিবিধিৎসিতে।" — কোন পত্রের অংশ? কীসের প্রতিবিধান? ১+৪

- ৫। (ক) 'বৈষ্ণব কবিতা'-র ভাববস্তু সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা

- (খ) "মম এক হাতে-বাঁকা বাঁশের বাঁশরী, আর হাতে রণ-তুর্য," — 'বিদ্রোহী' কবিতার পরিপ্রেক্ষিতে পংক্তিটির মর্মার্থ বুঝিয়ে দাও। ৫

Please Turn Over

(2209)

- ৬। (ক) “শ্লোক আওড়িয়ে গেছে মৈত্রেয়ী কবে;/রাজ্য জয় করে গেছে অমর আঙিলা।” — মৈত্রেয়ী এবং আঙিলার পরিচয় উল্লেখ করে পংক্তিটির মর্মার্থ বুঝিয়ে দাও। ২+৩

অথবা

- (খ) “তোমার অক্ষয় মন্ত্র” — কে, কার কাছ থেকে অক্ষয় মন্ত্র লাভ করেছেন? মন্ত্রটি কী। ১+১+৩

- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

- (ক) ‘দুঃস্বস্তের প্রতি শকুন্তলা’ পত্রটির মৌলিকতা প্রতিপাদন করো।
 (খ) ‘সোনার তরী’-র ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতা কী জীবনদেবতার পূর্বাভাস? — আলোচনা করো।
 (গ) ‘বধূ’ কবিতায় প্রকাশিত বধুর মর্মবেদনার কারণ বুঝিয়ে বলো।

- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) ‘বীরাসনা কাব্যে’র প্রথম পত্রিকাটির নাম কী?
 (খ) কোন পুরাণে সোম এবং তারার উল্লেখ পাওয়া যায়?
 (গ) দ্বারকানাথ কে?
 (ঘ) জনা কীভাবে আত্মবিসর্জনের সংকল্প করেছেন?
 (ঙ) ‘সোনার তরী’ কাব্যটি কবে প্রকাশিত হয়?
 (চ) “সত্য করে কহো মোরে হে বৈষ্ণব কবি” — কোন সত্যের কথা জানতে চাওয়া হয়েছে?
 (ছ) ‘বিদ্রোহী’ কবিতায় কবি নিজেকে কার শিষ্য বলে উল্লেখ করেছেন?
 (জ) কোন দেশের পুরাণে অফিঁয়াসের প্রসঙ্গ আছে?
 (ঝ) ‘নারী’ কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?
 (ঞ) ‘সোহংবাদ’ কবিতায় ‘পুষার কারা’ বলতে কবি কী বুঝিয়েছেন?
 (ট) সুভাষ মুখোপাধ্যায়ের ‘বধূ’ কবিতাটির সঙ্গে রবীন্দ্রনাথের কোন কবিতার তির্যক সাদৃশ্য রয়েছে?
 (ঠ) ‘রবীন্দ্রনাথের প্রতি’ কবিতাটি বুদ্ধদেব বসুর কোন কাব্যের অন্তর্গত?
 (ড) ‘রাত্রি’ কবিতায় ‘নগরীর মহৎ রাত্রি’-কে কবি কোন দেশের জঙ্গলের সঙ্গে তুলনা করেছেন?
 (ঢ) ‘আমার নাম ভারতবর্ষ’ কবিতায় কোন দু’টি ধ্রুপদী নৃত্যশৈলীর উল্লেখ পাওয়া যায়?
 (ণ) “স্বজনহারানো শ্মশানে তোদের _____ আমি তুলবই।” — শূন্যস্থান পূর্ণ করো।